

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে সংবর্ধনা ও অফিসার্স নাইট উদযাপিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) নানা আয়োজনে অফিসার্স নাইট-২০২৪ উদযাপিত হয়েছে। শনিবার (১০ ফেব্রুয়ারি ২০২৪) বিশ্ববিদ্যালয়ের অফিসার্স এসোসিয়েশনের এক দশক পূর্তি ও নতুন কার্যনির্বাহী কমিটির সংবর্ধনা উপলক্ষে এ অনুষ্ঠানটির আয়োজন করে নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশন। এ উপলক্ষে সংবর্ধনা অনুষ্ঠান, ক্রীড়া প্রতিযোগিতা, র‍্যাফেল ড্র, স্পেশাল ডিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানমালায় বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ সপরিবারে অংশগ্রহণ করে।

নোবিপ্রবি রেজিস্ট্রার মো. জসীম উদ্দিনের সভাপতিত্বে ও সাবেক সভাপতি সাখাওয়াত হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. দিদার-উল-আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক উপাচার্য এ কে এম সাঈদুল হক চৌধুরী, উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মেজবাহ উদ্দিন পলাশ ও সাধারণ সম্পাদক ইবনে ওয়াজিদ ইসলাম ইমন। এসময় অফিসার্স এসোসিয়েশনের নব-নির্বাচিত কমিটির সদস্যবৃন্দ ও বিভিন্ন দপ্তরে কর্মরত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মো. দিদার-উল-আলম বলেন, বিশ্ববিদ্যালয় একটি পরিবারের মত। সকলে একসাথে কাজ করে যাবেন। সবাই এক হয়ে কাজ করলে বিশ্ববিদ্যালয় আরও এগিয়ে যাবে। এসময় তিনি এ ধরনের জাঁকজমকপূর্ণ আয়োজনের জন্য সংশ্লিষ্টদের প্রতি ধন্যবাদ জানান। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

সাবেক উপাচার্য অধ্যাপক এ কে এম সাঈদুল হক চৌধুরী বলেন, নোবিপ্রবিতে জাঁকজমকপূর্ণ আজকের এ আয়োজন ভিন্ন পরিবেশ এনে দিয়েছে। অফিসার্স এসোসিয়েশনের সকল কর্মকর্তাদের উপস্থিতিতে এটি আরও প্রাণবন্ত হয়েছে। সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। জয় বাংলা জয় বঙ্গবন্ধু।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী বলেন, বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে নিয়ে আমরা যেনো ভালো থাকতে পারি সেজন্য এ ধরনের আনন্দমুখর আয়োজন খুবই প্রয়োজন। ভবিষ্যতেও যেন সকলে পরিবার নিয়ে সমবেত হতে পারি সেই আশাবাদ ব্যক্ত করছি। অনুষ্ঠানের সফলতা কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, চমৎকার একটি আয়োজনের জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ। শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী একে অপরের পরিপূরক। শরীরের একটি অঙ্গ অসুস্থ হলে যেমন পুরো শরীরে সেটি অনুভূত হয়, ঠিক তেমনি বিশ্ববিদ্যালয়ের কেউ ক্ষতিগ্রস্ত হলে সকলের জন্য সেটি ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়। ইতোমধ্যে আমরা ডি-নথি, ডিজিটাল আইডি কার্ড বাস্তবায়ন করেছি। গবেষণা ক্ষেত্রেও বিশ্ববিদ্যালয় বহুদূর এগিয়েছে। এটি সম্ভব হয়েছে আপনাদের সকলের আন্তরিকতা ও সহযোগিতার কারণে। সবাইকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

অফিসার্স অ্যাসোসিয়েশন সভাপতি মেজবাহ উদ্দিন পলাশ বলেন, আজকের সুন্দর এ অনুষ্ঠানটি আয়োজনের জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। পাশাপাশি গত, ২৮ তারিখে ভোট বিপ্লবের মাধ্যমে যারা আমাদের নির্বাচিত করেছেন তাদের প্রতি কৃতজ্ঞতা ও ভবিষ্যত কাজের জন্য সকলের সহযোগিতা কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক ইবনে ওয়াজিদ ইসলাম ইমন বলেন, আজকের এ সুন্দর প্রোগ্রাম আয়োজনে সহযোগিতার জন্য মাননীয় উপাচার্যের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। সেই সাথে আজকের এ সংবর্ধনা অনুষ্ঠানে যারা কাজ করেছেন তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও অনুষ্ঠানের সভাপতি মোহাম্মদ জসীম উদ্দিন বলেন, সুন্দর পরিবেশে এ অনুষ্ঠানটি আয়োজনের জন্য আয়োজকদের ধন্যবাদ। বর্তমানে যারা দায়িত্বে এসেছেন, আপনারা এমনভাবে কাজ করবেন যেন পরবর্তীতে যারা নেতৃত্বে আসবে তাদের জন্য আপনারা অনুকরণীয় হয়ে থাকতে পারেন। সুন্দর এ আয়োজনের সফলতা কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪